# প্রেফারেন্স শেয়ার পরিশোধ

## (Redemption of Preference Shares)

যৌথ মূলধনী প্রতিষ্ঠানে প্রেফারেন্স শেয়ারহোল্ডার বলিতে সাধারণতঃ বুঝায় ঃ

(১) সেই সকল শেয়ারহোল্ডার, যাঁহারা লভ্যাংশ (Dividend) বণ্টন-সংক্রান্ত ব্যাপারে অগ্রাধিকার ভোগ করেন ;

(২) সেই সকল শেয়ারহোল্ডার, যাঁহারা কোম্পানীর বিলোপসাধন ঘটিলে শেয়ারের মূল্য ফেরত পাইবার ব্যাপারে অগ্রাধিকার ভোগ করেন ;

(৩) সেই সকল শেয়ারহোল্ডার, যাঁহারা ইকুইটি শেয়ারহোল্ডারগণের মধ্যে লভ্যাংশ বণ্টন হইবার পূর্বে প্রতি বৎসর পূর্বনির্দিষ্ট হারে লভ্যাংশ পাইয়া থাকেন।

উপরিলিখিত শেয়ারহোল্ডারগণ যে শেয়ার অধিকার করেন, তাহাকে প্রেফারেন্স শেয়ার বলা হয়।

সাধারণভাবে কোন কোম্পানী তাহার শেয়ারহোল্ডারগণের নিকট হইতে উক্ত কোম্পানীর কোন শেয়ার ক্রয় করিতে পারে না। তবে কোম্পানীর অস্তিত্ব থাকাকালীন শেয়ারহোল্ডারগণকে শেয়ারের মূল্য ফেরত দিতে হইলে আদালতের অনুমোদন লাভের প্রয়োজন হইতে পারে। কিন্তু 1956 সালের কোম্পানী আইনের 80 ধারায় উল্লেখ করা হইয়াছে যে, শেয়ারের মূল্যের দ্বারা সীমাবদ্ধ দায়যুক্ত কোম্পানীর আর্টিকেলসে যদি বিধান থাকে, তাহা হইলে মূল্য ফেরত দিবার শর্তে কোম্পানী প্রেফারেন্স শেয়ার বিলি করিতে পারে। এই জাতীয় শেয়ারকে প্রত্যপর্ণযোগ্য **প্রেফারেন্স শেয়ার (Redeemable Preference Share)** বলা হয়।

কোম্পানী আইনের সাম্প্রতিক সংশোধনীতে বলা হইয়াছে যে, কোন যৌথ মূলধনী কোম্পানী দশ বৎসরের অধিক সময় মেয়াদের কোন পরিশোধযোগ্য প্রেফারেন্স শেয়ার বিলি করিতে পারিবে না।

**প্রেফারেন্স শেয়ার পরিশোধ-সংক্রান্ত বিষয়ে কোম্পানী আইনের নিয়মাবলী (Provisions of the Companies Act relating to Redemption of Preference Shares) ঃ**

(ক) কোম্পানী কেবলমাত্র লভ্যাংশ (Dividend) হিসাবে বণ্টনযোগ্য মুনাফা হইতে Redeemable Preference Share-এর মূল্য প্রত্যর্পণ করিতে পারিবে অথবা/এবং এইজাতীয় শেয়ারের মূল্য প্রত্যর্পণ করিবার উদ্দেশ্যে যে সকল নূতন শেয়ার বিলি করা হইবে, সেই সকল শেয়ারের বিক্রয়লব্ধ অর্থের দ্বারা উপরিউক্ত শেয়ারের মূল্য প্রত্যর্পণ করা যাইবে। প্রেফারেন্স শেয়ার পরিশোধের উদ্দেশ্যে নূতন শেয়ার বিক্রয় করিয়া অর্থ সংগ্রহ করা যায়। এখানে নূতন শেয়ারের **"বিক্রয়লব্ধ অর্থ"** বলিতে কি বুঝায় সেই সম্পর্কে 80 ধারায় কোন সুস্পষ্ট ইঙ্গিত দেওয়া হয় নাই। যখন নূতন শেয়ার অবহারে (Discount) বা অধিহারে (Premium) বিলি করা হয় তখন বিক্রয়লব্ধ শেয়ারের কতটুকু অংশ প্রেফারেন্স

Scanned by CamScanner

শেয়ারের নামিক মূল্য পরিশোধে ব্যবহারযোগ্য সেই সম্পর্কে ছাত্রদের মধ্যে বিভ্রান্তির সৃষ্টি হইতে পারে। যখন অবহারে (Discount) নূতন শেয়ার বিলি করা হয় তখন শেয়ারের নামিক মূল্যকেই শেয়ারের বিক্রয়লব্ধ অর্থ হিসাবে বিবেচনা করা হয়। কিন্তু যখন অধিহারে (Premium) নূতন শেয়ার বিলি করা হয় তখন অধিহার বাবদ প্রাপ্ত অর্থ প্রেফারেন্স শেয়ারের নামিক মূল্য পরিশোধের ক্ষেত্রে ব্যবহার করা যাইবে না। কারণ 78 ধারায় Share Premium-এর অর্থ ব্যবহারের যে তালিকা দেওয়া আছে, প্রেফারেন্স শেয়ার পরিশোধ ইহার বহির্ভূত। এই যুক্তিতে নূতন শেয়ার বিক্রয় বাবদ প্রাপ্য অর্থের মধ্যে অধিহারের অর্থ ধরা হইবে না।

(খ) যেক্ষেত্রে Redeemable Preference Share-এর মূল্য পূর্ণ আদায়ীকৃত (Fully Paid) হইয়াছে, একমাত্র সেই ক্ষেত্রেই ঐ জাতীয় শেয়ারের মূল্য প্রত্যর্পণ করা যাইবে। অর্থাৎ, আংশিক আদায়ীকৃত (partly paid up) প্রেফারেন্স শেয়ারের মূল্য প্রত্যর্পণ করা যায় না।

(গ) যেক্ষেত্রে Redeemable Preference Share-এর মূল্যে অধিহারে (At a Premium) প্রত্যর্পণ করিবার শর্ত থাকে, সেই ক্ষেত্রে অধিহারের দরুন যে অতিরিক্ত অর্থ প্রদান করিতে হইবে, তাহা কোম্পানীর বণ্টনযোগ্য মুনাফা (Distributable Profits) হইতে অথবা Share Premium Account হইতে প্রদান করিবার ব্যবস্থা করিতে হইবে।

(ঘ) যেক্ষেত্রে নূতন শেয়ার বিলিকৃত অর্থের দ্বারা Redeemable Preference Share-এর মূল্য প্রত্যর্পণ করিবার কোন সুযোগ নাই, সেক্ষেত্রে প্রত্যর্পণযোগ্য প্রেফারেন্স শেয়ারের অভিহিত মূল্যের (Nominal Value) সমপরিমাণ অঙ্ক (Amount) বণ্টনযোগ্য মুনাফা হইতে পুঁজি প্রত্যর্পণ সঞ্চিতি হিসাব (Capital Redemption Reserve Account*) নামে একটি হিসাবে স্থানান্তরিত করিতে হইবে।

(ঙ) Capital Redemption Reserve Account-এর Balance-কে কেবলমাত্র পূর্ণ আদায়ীকৃত (Fully paid) বোনাস শেয়ার বণ্টনের কার্যে ব্যবহার করা যাইতে পারে। কোম্পানী আইন পর্ষদের বিনা অনুমোদনে ইহাকে অন্য কোন কার্যে ব্যবহার করা যাইবে না।

উপরিউক্ত আলোচনা হইতে ইহা স্পষ্টই বুঝা যায় যে, যদি অধিহারে (at a premium) Redeemable Preference Share প্রত্যর্পণ করা হয়, তাহা হইলে উহার Premium-এর জন্য যে অর্থের প্রয়োজন হইবে, তাহা Profit & Loss Account বা Share Premium Account-এ বা অংশতঃ উভয় হিসাবেই Debit করিতে হইবে। ইহার জন্য Profit & Loss Account বা General Reserve Account-এর অর্থ Capital Redemption Reserve Account-এ স্থানান্তরিত করিতে হইবে না।

যদি পরীক্ষার প্রশ্নপত্রে সুস্পষ্ট নির্দেশ না থাকে যে, বণ্টনযোগ্য সঞ্চিত মুনাফা বা রিজার্ভের সাহায্যে অথবা নূতন শেয়ার বিলিকৃত অর্থের সাহায্যে প্রেফারেন্স শেয়ারের মূল্য প্রত্যর্পণ করা হইবে, তাহা হইলে পরীক্ষার্থিগণকে ধরিয়া লইতে হইবে যে, Reserve Account বা Profit & Loss Account-এর Balance লইয়া Preference Share-এর মূল্য প্রত্যর্পণ করা হইয়াছে এবং ইহার জন্য ঐ শেয়ারের অভিহিত মূল্যের (Nominal Value) সমপরিমাণ অঙ্ক Capital Redemption Reserve Account-এ স্থানান্তরিত করিতে হইবে। পরীক্ষার প্রশ্নপত্রে প্রেফারেন্স শেয়ারের মূল্য প্রত্যর্পণ করিবার পূর্বের Balance Sheet পর্যালোচনা করিলে যদি দেখা যায় যে, General Reserve বা Profit & Loss Account-এর কোন অঙ্ক Balance Sheet-এ নাই অথবা Balance Sheet-এ প্রদর্শিত General Reserve বা Profit & Loss Account-এর অঙ্ক এতই কম যে, উহার দ্বারা প্রেফারেন্স শেয়ারের মূল্য প্রত্যর্পণ করা যায় না, তাহা হইলে নূতন শেয়ার বিলি করিয়া সেই বিক্রয়লব্ধ অর্থের সাহায্যে প্রেফারেন্স শেয়ারের মূল্য প্রত্যর্পণ করা হইয়াছে বলিয়া ধরিয়া লইতে হইবে।

যেক্ষেত্রে কোম্পানীর নোটিশ যথারীতি প্রদানের পরও কোন প্রেফারেন্স শেয়ারহোল্ডারের সন্ধান না পাওয়া যায়, সেই ক্ষেত্রে প্রেফারেন্স শেয়ার প্রত্যর্পণের টাকা Preference Shareholders Account-এ জের টানিতে হইবে এবং উক্ত জেরকে Balance Sheet-এ Liabilities Column-এর দিকে Current Liabilities নামক উপ-বিভাগে দেখাইতে হইবে।

**হিসাবরক্ষণ-প্রণালী (Accounting Method)ঃ** উপরে আলোচিত কোম্পানী আইনের 80 ধারার বিধানসমূহ পর্যালোচনা করিলে প্রেফারেন্স শেয়ার প্রত্যর্পণের হিসাবরক্ষণ-প্রণালী সম্পর্কে মোটামুটি ধারণা লাভ করা যায়। শিক্ষার্থিগণের সুবিধার্থে এই সম্পর্কে নিম্নে বিশদ আলোচনা করা হইল ঃ

Profit & Loss Account বা Reserve Account বা General Reserve Account হইতে প্রেফারেন্স শেয়ারের টাকা প্রত্যর্পণ করার ক্ষেত্রে ঃ—

(ক) 1956 সালের কোম্পানী আইনের 80(1)(d) ধারা অনুসারে শেয়ার প্রত্যর্পণ করিবার অর্থ Capital Redemption Reserve Account-এ স্থানান্তরিত করিতে হইবে এবং ইহার জন্য প্রয়োজনীয় Entry হইল ঃ

Profit & Loss Account/Reserve Account/General Reserve Account Dr.
To Capital Redemption Reserve Account.

---

* (1) 1960 সালের পূর্বে এই হিসাবের নাম ছিল Capital Redemption Reserve Fund ; কিন্তু এই Fund-এর টাকা দ্রুত আদায়যোগ্য কোম্পানীর শেয়ারে লগ্নি করা আইনতঃ বাধ্যতামূলক ছিল না বলিয়া 1960 সালে কোম্পানী সংশোধনী আইনের 23 ধারা অনুযায়ী ইহার নামকরণ করা হইয়াছে Capital Redemption Reserve Account.

(2) এই বিধানের মুখ্য উদ্দেশ্য হইল কোম্পানীর শেয়ারহোল্ডারগণকে টাকা প্রত্যর্পণ করিবার জন্য প্রয়োজনীয় পুঁজি যেন ভাঙ্গা না হয়।

Scanned by CamScanner

(খ) প্রেফারেন্স শেয়ারহোল্ডারগণের প্রাপ্য অর্থ যখন শেয়ারহোল্ডারগণের ব্যক্তিক হিসাবে স্থানান্তরিত করিতে হইবে, তখন প্রয়োজনীয় Entry হইল ঃ

Preference Share Capital Account *Dr.* প্রেফারেন্স শেয়ারের অভিহিত
To Preference Shareholders Account মূল্যের (Nominal Value) অঙ্ক।

(গ) যখন প্রেফারেন্স শেয়ারহোল্ডারগণের প্রাপ্য অর্থ পরিশোধ করা হয়, তখন প্রয়োজনীয় Entry হইল ঃ

Preference Shareholders Account Dr.
To Cash/Bank Account

নূতন শেয়ার বিলি করিয়া বিক্রয়লব্ধ অর্থ হইতে প্রেফারেন্স শেয়ারের মূল্য প্রত্যর্পণ করার ক্ষেত্রে ঃ

(ক) নূতন শেয়ারের অভিহিত মূল্যের (Nominal Value) জন্য প্রয়োজনীয় Entry হইল ঃ

Cash/Bank Account Dr.
To Equity Share Capital Account/Preference Share (New) Capital Account

**(খ) প্রেফারেন্স শেয়ারহোল্ডারগণের প্রাপ্য অর্থ যখন শেয়ারহোল্ডারগণের ব্যক্তিক হিসাবে স্থানান্তরিত করিতে হইবে, তখন প্রয়োজনীয় Entry হইল ঃ**

**Preference Share Capital Account Dr.**
**To Preference Shareholders Account**

**(গ) যখন প্রেফারেন্স শেয়ারহোল্ডারগণের প্রাপ্য অর্থ পরিশোধ করা হয়, তখন প্রয়োজনীয় Entry হইল ঃ**

**Preference Shareholders Account Dr.**
**To Cash/Bank Account**

Scanned by CamScanner

*কখনও কখনও প্রত্যর্পণযোগ্য প্রেফারেন্স শেয়ার (Redeemable Preference Share) অধিহারে (At a premium) পরিশোধ করা হয়। অর্থাৎ, শেয়ারের লিখিত মূল্যের (Face Value) উপরেও কিছু অতিরিক্ত অর্থ প্রদান করিতে হয়। সেক্ষেত্রে এই অতিরিক্ত অর্থও অবণ্টিত মুনাফা (Undistributed Profits) এবং/বা Share Premium Account হইতে সংস্থান করিতে হয়। অর্থাৎ সেক্ষেত্রে নিম্নলিখিত অতিরিক্ত দাখিলা দুইটি লিপিবদ্ধ করিতে হইবে ঃ

(1) Profit & Loss Account/Share Premium Account/General Reserve Account Dr.
   To Premium on Redemption of Preference Shares Account

(2) Premium on Redemption of Preference Shares Account Dr.
   To Redeemable Preference Shareholders Account

Scanned by CamScanner